

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ডিসেম্বর ২৯, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ/২৩ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং ১০.০০.০০০০.১২৭.১২.০০১.১৭.৮০০—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরি, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ এর ৪ বিধির উপ-বিধি (৪) অনুযায়ী ০২ (দুই) বছরের জন্য জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের, অতিরিক্ত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের এবং যুগ্ম জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের পদে পদোন্নতির নিমিত্ত উক্ত বিধিমালার তফসিলের প্রথম অংশে উল্লিখিত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের, অতিরিক্ত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের এবং যুগ্ম জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের পদের বিপরীতে উল্লিখিত প্রয়োজনীয় যোগ্যতা জনস্বার্থে নিম্নরূপভাবে শিথিল করিল :

ক্রমিক নং	পদের নাম	নিয়োগ পদ্ধতি	বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরি, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ এর ৪ বিধির উপ-বিধি (৪) এর আলোকে শিথিল করত প্রয়োজনীয় যোগ্যতা।
১।	জেলা বিচারক/ জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের অন্যান্য বিচারক	অতিরিক্ত জেলা ও দায়রা জজদের/সমপর্যায়ের বিচারকদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে।	অতিরিক্ত জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের বিচারক পদে ০১ (এক) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ মোট ১৩ (তের) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।

( ২৬৮৮৩ )

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নং	পদের নাম	নিয়োগ পদ্ধতি	বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরি, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ এর ৪ বিধির উপ-বিধি (৪) এর আলোকে শিথিল করত প্রয়োজনীয় যোগ্যতা।
২।	অতিরিক্ত জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের বিচারক	যুগ্ম জেলা ও দায়রা জজদের/সমপর্যায়ের বিচারকদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে।	যুগ্ম জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের বিচারক পদে ০৬ (ছয়) মাসের চাকুরীর অভিজ্ঞতাসহ মোট ১০ (দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
৩।	যুগ্ম জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের বিচারক	সিনিয়র সহকারী জজদের/সমপর্যায়ের বিচারকদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে।	সিনিয়র সহকারী জজ/সমপর্যায়ের বিচারক পদে ০৬ (ছয়) মাসের চাকুরীর অভিজ্ঞতাসহ মোট ০৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হইল।

৩। অবিলম্বে এ আদেশ কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুবুল রহমান সরকার

উপসচিব (প্রশাসন-১)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd